গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ।
(নেজারত শাখা)
www.mymensinghdiv.gov.bd



নম্বর: ০৫.৪৫.০০০০.০০৮.১১.০০২.২৬- ৬৬

তারিখ : ১৯ কার্তিক ১৪৩৩ / ০৪ নভেম্বর ২০২৬

আউটসোর্সিং পদ্ধতিতে সেবা ক্রয় বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক ১৫/০৪/২০২৫ খ্রি তারিখে জারিকৃত আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ ও ২১/০৯/২০২৬ তারিখে সংশোধিত আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫, ২৫/১১/২০২৬ তারিখে ০৭.০০.০০০০.০০০.১৬০.০১.০০০৪.২৬.২২১ নম্বর স্মারক পত্রে সেবা ক্রয়ের সম্মতি এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাজেট শাখার ২৭/১০/২০২৬ তারিখের ০৫.০০.০০০০.০০০.১১৫.২০.০০২৬.২৫.৯০১ নম্বর স্মারক পত্রের প্রেক্ষিতে বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ -এ নিম্নবর্ণিত সেবার ধরন, ক্যাটাগরি ও শর্তসাপেক্ষে সেবাসমূহ ক্রয়ের জন্য জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও ময়মনসিংহ বিভাগের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে আগ্রহপত্র/দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রম	সেবাকর্মীর ধরন, ক্যাটাগরি ও সেবামূল্য	সেবার সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
০১	ইলেকট্রিশিয়ান (ক্যাটাগরি-১) ১৮,৫১৪/-	০১ (এক)	কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে বিভিন্ন সরকারি/অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠান হতে ইলেকট্রিক্যাল প্রশিক্ষণ সনদ	সংশ্লিষ্ট কাজের ন্যূনতম ০৩ (তিন) বছর অভিজ্ঞতা থাকতে হবে।
০২	ড্রাইভার (লাইট) (ক্যাটাগরি-২) ১৭,৯৯২/-	০৪ (চার)	কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	সংশ্লিষ্ট কাজের ন্যূনতম ০৫ (পাঁচ) বছর অভিজ্ঞতা থাকতে হবে এবং ড্রাইভিং লাইসেন্সের মেয়াদ ন্যূনতম ৭ (সাত) বছর হতে হবে।
০৩	নিরাপত্তা প্রহরী (ক্যাটাগরি-৫) ১৬,৬৭৩/-	০২ (দুই)	কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	সংশ্লিষ্ট কাজের ন্যূনতম ০২ (দুই) বছর অভিজ্ঞতা থাকতে হবে।
০৪	পরিচ্ছন্নতাকর্মী (ক্যাটাগরি-৫) ১৬,৬৭৩/-	০২(দুই)	কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	সংশ্লিষ্ট কাজের ন্যূনতম ০২ (দুই) বছর অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলী:

০১ আবেদনপত্র বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বরাবর ২৫/১১/২০২৬ খ্রি. তারিখে বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে সরাসরি বা ডাকযোগে প্রেরণ করতে হবে। আবেদন পত্রের সাথে সদ্য তোলা ১ (এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি, অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি নিবন্ধিত মোবাইল নম্বর এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি করপোরেশন কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদ প্রদান করতে হবে।

০২ বর্ণিত পদের ক্ষেত্রে প্রার্থীর বয়সসীমা ৩১/১০/২০২৬ তারিখে ১৮ হতে ৬০ বছর হতে হবে।

০৩ সেবা ক্রয়ের মেয়াদ ৩০/০৬/২০২৮ খ্রি. পর্যন্ত কার্যকর থাকবে।

০৪ আউটসোর্সিং সেবাকর্মীগণ বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ এর কোনো স্থায়ী পদে নিয়োগের ক্ষেত্রে বর্তমানে বা ভবিষ্যতে কখনও বিবেচিত হবেন না।

০৫ সেবা ক্রয়কারী এবং সেবাকর্মীর মধ্যে সম্পাদিত চুক্তি সরকারি ক্রয় আইন, ২০০৬ ও সরকারি ক্রয় বিধিমালা, ২০২৫ দ্বারা নির্ধারিত হবে।

০৬ উপর্যুক্ত ছকে উল্লিখিত কোনো সেবা সরবরাহের জন্য চুক্তিবদ্ধ সেবাকর্মী অসদাচরণ বা কর্মে অবহেলা করলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে উক্ত সেবাকর্মীর সাথে সম্পাদিত চুক্তি সেবা ক্রয়কারী বাতিল করতে পারবে।

০৭ সেবাকর্মী চুক্তির কোনো শর্ত ভঙ্গ করলে তার বিরুদ্ধে চুক্তি অনুযায়ী সেবা ক্রয়কারী ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

০৮ সেবা ক্রয়ের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৯ সেবাকর্মীর ছুটি, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও অন্যান্য বিষয় সেবাকর্মী ও সেবা ক্রয়কারীর মধ্যে সম্পাদিত চুক্তির মাধ্যমে নির্ধারিত হবে।

১০ অসত্য/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোনো কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোনো তথ্য বা কাগজপত্র সেবা ক্রয় প্রক্রিয়ার কার্যক্রম চলাকালে যে কোনো পর্যায়ে বা সেবা ক্রয়ের চুক্তি সম্পাদনের পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে সেবা ক্রয়কারী সেবাকর্মীর সাথে সম্পাদিত চুক্তি বাতিল করতে পারবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১ একই ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবে না।

১২ নিরাপত্তা প্রহরীর ক্ষেত্রে উচ্চতা ন্যূনতম ৫'৬" (পাঁচ ফুট ছয় ইঞ্চি) হতে হবে। নিরাপত্তা প্রহরী সংক্রান্ত সেবা ক্রয়ের ক্ষেত্রে অবসরপ্রাপ্ত সামরিক ও আধাসামরিক বাহিনীর সদস্যগণকে অগ্রাধিকার দেওয়া হবে।

১৩ পরিচ্ছন্নতা সংক্রান্ত সেবা ক্রয়ের ক্ষেত্রে হরিজন সম্প্রদায়ের প্রার্থীগণকে অগ্রাধিকার দেওয়া হবে।

১৪ সেবা ক্রয়ের ক্ষেত্রে কোনো প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১৫ আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে সেবা ক্রয়কারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবে না।

১৬ মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার সময় নিম্নলিখিত প্রয়োজনীয় সনদ/ডকুমেন্টের মূলকপিসহ এক সেট ফটোকপি আবশ্যিকভাবে জমা দিতে হবে।

(ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতার সনদের কপি;

(খ) ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি করপোরেশন কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদপত্র;

(ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ;

১৭ প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করে প্রস্তুতকৃত সংক্ষিপ্ত তালিকায় স্থান পাওয়া আবেদনকারীগণকে মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য জানানো হবে।

১৮ সেবা ক্রয়কারী কর্তৃপক্ষ প্রকৃত সেবা ক্রয়কালে সেবার সংখ্যা হ্রাস করতে পারবে।

১৯ সংক্ষিপ্ত তালিকায় স্থান পাওয়া প্রার্থীদের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

২০ সংক্ষিপ্ত তালিকায় স্থান পাওয়া প্রার্থীদের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচি সম্পর্কিত বিস্তারিত তথ্য www.mymensinghdiv.gov.bd ওয়েবসাইটে প্রকাশ করা এবং মোবাইল নম্বরে প্রেরণ করা হবে।

২১ সেবা ক্রয়কারী কর্তৃপক্ষ যেকোনো সময় বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে। এই সেবা ক্রয় সংক্রান্ত বিষয়ে সেবা ক্রয়কারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২২ এ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে সেবা ক্রয়কারী কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত সেবা ক্রয় করার জন্য চুক্তি সম্পাদন করতে বাধ্য থাকবে না।

২৩ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন বা এ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৪ সর্বক্ষেত্রে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ ও সংশোধিত ২০২৬ এর শর্তাবলি অনুসরণ করা হবে।

২৫ সেবা ক্রয়ের চুক্তির মেয়াদ পূর্তিতে এই নিয়োগ স্বয়ংক্রিয়ভাবে অবসান হবে।

২৬ সেবা ক্রয় কার্যক্রমে দালালচক্র হতে সতর্কতা অবলম্বনের জন্য পরামর্শ প্রদান করা হলো।

আবেদন পত্র জমাদানের শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনপত্র জমাদানের পরামর্শ দেয়া যাচ্ছে।

০৪.১২.২০২৫

এস এম হুমায়ুন কবির সরকার
বিভাগীয় কমিশনার
ময়মনসিংহ বিভাগ।
ফোন : ০২-৯৯৬৬৬১৪৪৪
ই-মেইল : divcommymensingh@mopa.gov.bd